



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বেসিক আইওটি এবং রোবোটিক্স” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৯ জুন ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বেসিক আইওটি এবং রোবোটিক্স” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক এর আয়োজনে ও সিএসই স্টুডেন্টস ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সার্বিক সহযোগিতায় ২৯ জুন ২০২২ তারিখ সকাল ১১ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্সিং রুমে এ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান মোঃ ইরফানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন টেকওয়াকর্স এন্ড আইটি দপ্তরের পরিচালক ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক রাহাত হোসাইন ফয়সাল। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়